দৈনিক বাংলা
৪৩

তারিখ ...22 NOV 1995 ... ...
পৃষ্ঠা ...৩... কলাম ...৬...

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

# কাল ডিগ্রী পরীক্ষা শুরু ঃ এক লাখ ৮১ হাজার পরীক্ষার্থী

স্টাফ রিপোর্টার ঃ আগামীকাল বৃহস্পতিবার থেকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে সারা দেশে ডিগ্রী পরীক্ষা শুরু হচ্ছে। এবারই প্রথম জাতীয় বিশ্ববিদ্যালয়ের নিজস্ব পাঠ্যক্রম ও পাঠ্যসূচী অনুযায়ী পরীক্ষা অনুষ্ঠিত হবে।

দেশের ৪শ' ৩৩টি পরীক্ষা কেন্দ্রে এক লাখ ৮১ হাজার একশ' ৩৫ জন পরীক্ষার্থী অংশগ্রহণ করবেন বলে জানা গেছে। সুষ্ঠুভাবে পরীক্ষা অনুষ্ঠানের লক্ষ্যে ইতিমধ্যেই জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ প্রয়োজনীয় আনুষ্ঠানিকতা ও প্রস্তুতি সম্পন্ন করেছে। প্রতিটি পরীক্ষা কেন্দ্রেই অপর কলেজের শিক্ষকরা পরিদর্শকের দায়িত্ব পালন করবেন। পরীক্ষা চলাকালে কেন্দ্র পরিদর্শনের জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ শক্তিশালী ভিজিল্যান্স টিম গঠন করেছেন বলেও জানা গেছে।